গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
কক্সবাজার

কক্সবাজার জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : মোহাম্মদ সালাহ্‌উদ্দিন, জেলা প্রশাসক, কক্সবাজার |
| সভার তারিখ ও সময় | : ১৬/০৬/২০২৫খ্রিঃ, দুপুর- ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | : শহীদ এটিএম জাফর আলম সিএসপি সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার |
| সভার উপস্থিতি | : সকল সদস্যবৃন্দ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য-সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ করলে সদস্য সচিব, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কক্সবাজার সদস্যদের অবগতির জন্য বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি মন্ত্রণালয়ের সংশোধিত বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাত হতে দেশী জাতের তাল চারা ব্যবহারের মাধ্যমে তাল গাছ চাষাবাদ বৃদ্ধির জন্য চারা সহায়তা বাবদ অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতিষ্ঠানের মাঝে বিনামূল্যে তাল চারা বিতরণ প্রণোদনা কর্মসূচির ০১টি বরাদ্দ পাওয়া যায়। উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য কক্সবাজার জেলায় তাল চারা ও অন্যান্য অনুদান ব্যয় বাবদ ৬,১৮,৮০০/- (ছয় লক্ষ আঠারো হাজার আটশত) টাকার এবং গ্রীষ্মকালীন উফশী জাতের শাকসবজির উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বীজ ও সার সহায়তা বাবদ ৪,৯৮,৩০০/-(চার লক্ষ আটানব্বই হাজার তিনশত) টাকার অর্থ বরাদ্দ পাওয়া যায়(কপি সংযুক্ত)। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৮.২৫.১৯৭ তারিখ ০৪/০৬/২০২৫খ্রিষ্টাব্দ এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.২০০, তারিখ ১৫/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত পত্রদ্বয় পাঠ করে শুনানো হয়।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত নং-১ ঃ কক্সবাজার জেলায় তাল চাষাবাদ ও গ্রীষ্মকালীন উফশী জাতের শাকসবজি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদত্ত নীতিমালা/বাস্তবায়ন পদ্ধতি পালন সাপেক্ষে উক্ত কৃষি পুনর্বাসন সহায়তা বাস্তবায়নের জন্য উপজেলার আবাদি উপযুক্ত জমির প্রকৃতি, মাটির ধরণ এবং এলাকার উপযোগিতার ভিত্তিতে উপজেলাভিত্তিক নিম্নবর্ণিত ছক মোতাবেক উপবরাদ্দ দেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ তাল চারা

১। প্রতিষ্ঠান বা কৃষক পর্যায়ে উপজেলা কৃষি পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত পরিমাণ (প্রতিটি ৬০/- মূল্যের) চারা পাবে।
২। প্রতিটি বেড়ার মূল্য ৩৫০ টাকা।

জনপ্রতি উপকরণ বা আর্থিক সহায়তা নিম্নরূপ- ফসল ঃ গ্রীষ্মকালীন উফশী জাতের শাকসবজি

| ক্রঃ নং | উপকরণ/খাত | উফশী জাতের শাকসবজি | |
|---|---|---|---|
| | | উপকরণ সহায়তা (কেজি) | বিঘা প্রতি আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | বীজ | ০.২২৫ | ৬২০/- |
| ২ | ডিএপি সার | ৫ | ৯৫/- |
| ৩ | এমওপি সার | ৫ | ৯০/- |
| মোট | | ১০.২২৫ কেজি | ৮০৫/- |

শাকসবজি বীজের তালিকা

| ক্র: নং | ফসল | প্যাকেট সাইজ (গ্রাম) | মোট মূল্য |
|---|---|---|---|
| ০১ | কলমি শাক | ১০০ | ৮০ |
| ০২ | লাউ | ১০ | ১১০ |
| ০৩ | চালকুমড়া | ৫ | ১১০ |
| ০৪ | পুইশাক | ১০০ | ৯০ |
| ০৫ | মিষ্টিকুমড়া | ১০ | ২৩০ |
| | মোট | ২২৫ | ৬২০ |

ফসল ঃ তাল চারা

| ক্রঃ নং | উপজেলার নাম | প্রতিষ্ঠান বা কৃষকের নিকট সরবরাহের জন্য চারার পরিমাণ (সংখ্য) | বেড়ার সংখ্যা (টি) |
|---|---|---|---|
| ১ | চকরিয়া | ৩০০ | ৩০০ |
| ২ | পেকুয়া | ১৫০ | ১৫০ |
| ৩ | রামু | ২৫০ | ২৫০ |
| ৪ | সদর | ১০০ | ১০০ |
| ৫ | উখিয়া | ১৫০ | ১৫০ |
| ৬ | টেকনাফ | ২০০ | ২০০ |
| ৭ | মহেশখালী | ১৫০ | ১৫০ |
| ৮ | কুতুবদিয়া | ১০০ | ১০০ |
| ৯ | ঈদগাঁও | ১০০ | ১০০ |
| | মোট | ১৫০০ | ১৫০০ |

ফসল : উফশী জাতের শাকসবজি

| ক্রঃ নং | উপজেলার নাম | উপকারভোগীর কৃষকের সংখ্যা | বীজের পরিমাণ (কেজি) | ডিএপি (কেজি) | এমওপি (কেজি) |
|---|---|---|---|---|---|
| ১ | চকরিয়া | ১০০ | ২২.৫০ | ৫০০ | ৫০০ |
| ২ | পেকুয়া | ৫০ | ১১.২৫ | ২৫০ | ২৫০ |
| ৩ | রামু | ১০০ | ২২.৫০ | ৫০০ | ৫০০ |
| ৪ | সদর | ৫০ | ১১.২৫ | ২৫০ | ২৫০ |
| ৫ | উখিয়া | ৫০ | ১১.২৫ | ২৫০ | ২৫০ |
| ৬ | টেকনাফ | ১০০ | ২২.৫০ | ৫০০ | ৫০০ |
| ৭ | মহেশখালী | ৫০ | ১১.২৫ | ২৫০ | ২৫০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ১১.২৫ | ২৫০ | ২৫০ |
| ৯ | ঈদগাঁও | ৫০ | ১১.২৫ | ২৫০ | ২৫০ |
| | মোট | ৬০০ | ১৩৫ | ৩০০০ | ৩০০০ |

ফসলঃ তাল

| ক্র নং | উপজেলার নাম | কৃষক বা প্রতিষ্ঠানের চারার পরিমাণ (সংখ্যা) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৮) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বেড়ার মূল্য | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৫+৬+৭) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১ | চকরিয়া | ৩০০ | ১৮০০০ | ১০৫০০০ | ৪৫০ | ৩০০ | ১০৫৭৫০ | ১২৩৭৫০ |
| ২ | পেকুয়া | ১৫০ | ৯০০০ | ৫২৫০০ | ২২৫ | ১৫০ | ৫২৮৭৫ | ৬১৮৭৫ |
| ৩ | রামু | ২৫০ | ১৫০০০ | ৮৭৫০০ | ৩৭৫ | ২৫০ | ৮৮১২৫ | ১০৩১২৫ |
| ৪ | সদর | ১০০ | ৬০০০ | ৩৫০০০ | ১৫০ | ১০০ | ৩৫২৫০ | ৪১২৫০ |
| ৫ | উখিয়া | ১৫০ | ৯০০০ | ৫২৫০০ | ২২৫ | ১৫০ | ৫২৮৭৫ | ৬১৮৭৫ |
| ৬ | টেকনাফ | ২০০ | ১২০০০ | ৭০০০০ | ৩১৫ | ২০০ | ৭০৫১৫ | ৮২৫১৫ |
| ৭ | মহেশখালী | ১৫০ | ৯০০০ | ৫২৫০০ | ২৪০ | ১৫০ | ৫২৮৯০ | ৬১৮৯০ |
| ৮ | কুতুবদিয়া | ১০০ | ৬০০০ | ৩৫০০০ | ১৭০ | ১০০ | ৩৫২৭০ | ৪১২৭০ |
| ৯ | ঈদগাঁও | ১০০ | ৬০০০ | ৩৫০০০ | ১৫০ | ১০০ | ৩৫২৫০ | ৪১২৫০ |
| মোট | | ১৫০০ | ৯০০০০ | ৫২৫০০০ | ২৩০০ | ১৫০০ | ৫২৮৮০০ | ৬১৮৮০০ |

ফসলঃ উফশী শাকসবজি

| ক্র নং | উপজেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | ৩২৫১১০৯- বীজ ও চারা (টাকা) | ৩২৫১১০৫-সার (টাকা) | | | ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (টাকা) | | | মোট বরাদ্দ (টাকা) (৪+৭+১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ডিএপি | এমওপি | মোট (৫+৬) | পরিবহন ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট (৮+৯+১০) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৯ | ১০ | ১১ | ১২ |
| ১ | চকরিয়া | ১০০ | ৬২০০০ | ৯৫০০ | ৯০০০ | ১৮৫০০ | ১৫৩০ | ১০১৫ | ২৫৪৫ | ৮৩০৪৫ |
| ২ | পেকুয়া | ৫০ | ৩১০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৭৭৫ | ৫১০ | ১২৮৫ | ৪১৫৩৫ |
| ৩ | রামু | ১০০ | ৬২০০০ | ৯৫০০ | ৯০০০ | ১৮৫০০ | ১৫০০ | ১০১৫ | ২৫১৫ | ৮৩০১৫ |
| ৪ | সদর | ৫০ | ৩১০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৭৫০ | ৫০৮ | ১২৫৮ | ৪১৫০৮ |
| ৫ | উখিয়া | ৫০ | ৩১০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৭৬৫ | ৫০৯ | ১২৭৪ | ৪১৫২৪ |
| ৬ | টেকনাফ | ১০০ | ৬২০০০ | ৯৫০০ | ৯০০০ | ১৮৫০০ | ১৫৫০ | ১০১৫ | ২৫৬৫ | ৮৩০৬৫ |
| ৭ | মহেশখালী | ৫০ | ৩১০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৭৯০ | ৫১০ | ১৩০০ | ৪১৫৫০ |
| ৮ | কুতুবদিয়া | ৫০ | ৩১০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৭৯০ | ৫১০ | ১৩০০ | ৪১৫৫০ |
| ৯ | ঈদগাঁও | ৫০ | ৩১০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৯২৫০ | ৭৫০ | ৫০৮ | ১২৫৮ | ৪১৫০৮ |
| মোট | | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | ১১১০০০ | ৯২০০ | ৬১০০ | ১৫৩০০ | ৪৯৮৩০০ |

সিদ্ধান্ত নং-২ ঃ তাল উৎপাদন কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত কৃষক বা প্রতিষ্ঠানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি'র সিদ্ধান্ত মোতাবেক তাল চারা সহায়তা দেওয়া হবে এবং উফশী শাকসবজি কর্মসূচির ক্ষেত্রে একজন উপকারভোগী কৃষক ২২৫ গ্রাম (কলমি শাক ১০০ গ্রাম, লাউ ১০ গ্রাম, চালকুমড়া ৫ গ্রাম, পুইশাক ১০০ গ্রাম ও মিষ্টিকুমড়া ১০ গ্রাম), ডিএপি ৫ কেজি ও এমওপি ৫ কেজি করে সহায়তা পাবে। ০১ জন উপকারভোগী কৃষক/কৃষানীকে কেবলমাত্র ০১টি কর্মসূচির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে। অনুমোদিত তালিকাভুক্ত প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহনকারী কৃষক স্বক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না।

সিদ্ধান্ত নং-৩ ঃ কর্মসূচিদ্বয়ের অর্থ জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স অফিসারের কার্যলিয়,কক্সবাজার হতে অগ্রিম উত্তোলন সাপেক্ষে যথাশীঘ্র উপকরণ ব্যয়, পরিবহন ও আনুষঙ্গিক খাতের অর্থ চেকের মাধ্যমে উপজেলায় প্রদানের সিদ্ধান্ত হয়।

সিদ্ধান্ত নং-৪ ঃ সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বীজ, ও সার বিতরণ করে মাস্টাররোলের কপি ও অর্থ খরচের সমন্বয় বিল/ভাউচার (প্রতিটির ০২ কপি) জেলা কমিটির সদস্য সচিবের নিকট প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে উপজেলা কমিটি কর্তৃক দাখিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত নং-৫ ঃ তাল কর্মসূচির ক্ষেত্রে স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল তালের চারা বিএসআরআই/বিএডিসি/ হর্টিকালচার সেন্টার/স্থানীয় নার্সারী হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক মান যাচাই সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। উফশী শাকসবজি কর্মসূচির ক্ষেত্রে বিএডিসি/স্থানীয় বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান হতে সংগ্রহ করতে হবে। কোন কারণে বিএডিসি বীজ সরবরাহ করতে ব্যর্থ হলে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা মহোদয়ের অনুমতি স্বাপেক্ষে স্থানীয় উপযোগীতার ভিত্তিতে শতক/বিঘা প্রতি কাঙ্কিত ফলনের এলাকা উপযোগী ও সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষাপূর্বক মানসম্পন্ন উফশী শাকসবজি বীজ প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/আমদানিকারক/বীজ ডিলারের নিকট হতে নির্ধারিত মূল্যে ক্রয় করতে হবে।

সিদ্ধান্ত নং-৬ ঃ ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA`2006 ও PPR`2008** অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

সিদ্ধান্ত নং-৭ ঃ এ কার্যক্রমসমূহ বাস্তবায়নে চলমান অন্যান্য কার্যক্রমের সাথে অত্র প্রণোদনা/পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি উপজেলা কৃষি অফিসারকে নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত নং-৮ ঃ কৃষি মন্ত্রণালয়ের উপকরণ-২ শাখার ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৮.২৫.১৯৭ তারিখ ০৪/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ এবং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২২.২০০, তারিখ ১৫/০৬/২০২৫ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত জিও'র আলোকে প্রদত্ত নির্দেশনার মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয় (কপি সংযুক্ত)।

সভাপতি বীজ ও সার বিতরণে যাতে কোন অনিয়ম না হয় সেদিকে সজাগ দৃষ্টি রেখে কর্মসূচির রোডম্যাপ (কৃষি পুনর্বাসনের পরিপত্র) অনুযায়ী যথাযথ বাস্তবায়নের জন্য সকলকে তাগিদ ও পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭.০৬.২০২৫

মোহাম্মদ সালাহ্উদ্দিন
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।

স্মারক নং ঃ ১২.০১.২০২২.০৪১.৮২.০৭৮.২৪ - ৩৩৭

তারিখ : ২৭/৬/২৫ খ্রিঃ

অবগতি ও দ্রুত প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১-৯। উপজেলা নির্বাহী অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।
১০-১৮। উপজেলা কৃষি অফিসার, চকরিয়া/পেকুয়া/রামু/সদর/উখিয়া/ টেকনাফ/মহেশখালী/কুতুবদিয়া/ঈদগাঁও, কক্সবাজার।
১৯-২০। সিনিয়র সহকারী পরিচালক(বীবি)/ উপসহকারী পরিচালক(সার), বিএডিসি, কক্সবাজার। (আপনাকে উপজেলা কৃষি অফিসার এর মনোনীত বাহককে প্রণোদনা/কৃষি পুনর্বাসন কর্মসূচীর প্রয়োজনীয় বীজ ও চারা এবং সার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
২। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
দৃষ্টি আকর্ষনে ঃ উপপরিচালক (মনিটরিং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,খামারবাড়ি, ঢাকা।
৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৫। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৬। জেলা মৎস্য কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার
৭। জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা, সদস্য, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।
৮। ------------------------------------------------------------স্থানীয় প্রতিনিধি, কক্সবাজার।
৯। অফিস কপি

১৭.০৬.২০২৫

ড. বিমল কুমার প্রামানিক
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
ও
সদস্য সচিব
জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, কক্সবাজার।